গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
তথ্য ব্যবস্থাপনা -৩ অধিশাখা
www.sid.gov.bd

বিষয়ঃ **Open Government Data (OGD) Policy 2026 এর বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী:-**

সভাপতি	:	জনাব মোঃ ফিরোজ সরকার সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময়	:	১৩ অক্টোবর ২০২৬ খ্রি., রোজ মঙ্গলবার, বেলা ১২.৩০ ঘটিকা
স্থান	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সম্মেলন কক্ষ, ব্লক-এ

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পতাকা-'ক'** সদয় দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন, আন্তর্জাতিক পরিমন্ডলে স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে OGD কার্যক্রম শুরু হয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে ইতোমধ্যে OGD Strategy প্রণয়ন, OGD পোর্টাল প্রস্তুত করা হয়েছে। টেকনোলজিক্যাল পরিবর্তন এবং বর্তমান তথ্য নির্ভর যুগের সাথে তাল মিলিয়ে OGD Strategy এবং OGD পোর্টাল হালনাগাদ করা প্রয়োজন। সভাপতির অনুমতিক্রমে মোঃ লোকমান আহাম্মদ, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন, OGD এর কার্যক্রম বাংলাদেশে ২০১৫ সালে শুরু করা হয়। United Nations Department for Economic & Social Affairs (UNDESA) এর অধীনে Digital Govt শাখা জাতিসংঘের সদস্যভুক্ত দেশসমূহের মধ্যে Ranking করে থাকে। ২০১৪ সালে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী জাতিসংঘের ১৯৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১৪৮। OGD পোর্টাল বাস্তবায়নের পর বাংলাদেশের অবস্থান ২০২২ সালে ১১১তম হয়। OGD সংক্রান্ত কৌশলপত্র হালনাগাদকরণ করে প্রকাশ করলে E-Govt. Development Index এর অবস্থান উন্নতি হওয়ার সুযোগ রয়েছে। যার প্রভাব ২০২৬ সালের E-Govt. Development Index এ প্রতিফলন ঘটবে। OGD সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে এবং বাংলাদেশে Open Government Data (OGD) এর কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ২০১৬ সালে মন্ত্রিপরিষদ বিভাগ, a2i-এর সহযোগিতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ একটি কৌশলপত্র প্রণয়ন করত: এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করে। সময়ের সাথে সাথে টেকনোলোজিক্যাল পরিবর্তনের প্রয়োজন অনুভূত হওয়ায় গত ৩১ আগস্ট ২০২৩ তারিখে নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী OGD কৌশলপত্রে কিছু কারিগরি বিষয় সংযোজন-বিয়োজন এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা (বাংলা এবং ইংরেজি ভার্সন) চূড়ান্ত করার নিমিত্ত একটি খসড়া কৌশলপত্র প্রস্তুত করা হয়। খসড়া কৌশলপত্রের উপর OGD ওয়ার্কিং গ্রুপের মতামত গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত মতামতের প্রেক্ষিতে প্রস্তুতকৃত খসড়া কৌশলপত্রের উপর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে অনুষ্ঠেয় আন্তঃমন্ত্রণালয় সভার মতামত গ্রহণপূর্বক কৌশলপত্র চূড়ান্ত করা হবে।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব, মোঃ লোকমান আহাম্মদের পাশাপাশি Open Government Data (OGD) পলিসি'র বিষয়ে জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার, বিবিএস OGD পলিসি বিস্তারিত উপস্থাপন করেন।

৩. **আলোচনাঃ**

ক। পলিসির ৩, ৪ ও ৫ নম্বর অনুচ্ছেদ একত্রিত করে একটি অনুচ্ছেদে উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।

খ। পলিসিতে উল্লেখিত সকল Definition (সংজ্ঞা) শুরুতে আনার বিষয়ে সভায় আলোচনা হয়।

CamScanner

গ। সরকারের প্রচলিত অন্যান্য পলিসির জন্য অনুসৃত Common Format অনুসরণ করে OGD Policy প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা হয়।

ঘ। পলিসিতে যেসব স্থানে a2i-এর উল্লেখ রয়েছে, সেসব স্থানে The Aspire to Innovate (a2i)/Agency to Innovate (a2i) program-এর পরিবর্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নাম উল্লেখ করার বিষয়ে সভায় আলোচনা হয়।

ঙ। পলিসির বিষয়বস্তু ধারাসমূহ ও উপধারাসমূহের মাধ্যমে সুশৃঙ্খলভাবে উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।

চ। পলিসির ৭.২ অনুচ্ছেদের Roles and Responsibilities অংশে ICT Division-এর পূর্বে Data Center শব্দটি উল্লেখ করার বিষয়ে সভায় আলোচনা হয়।

ছ। Data Standardization-এর ক্ষেত্রে সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের জন্য একটি Common Standard নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়।

জ। একই ধরনের ডেটাসেট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকলে সেগুলোর মধ্যে সমন্বয় সাধন এবং Cross-cutting-এর জন্য একটি কার্যকর Mechanism নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়।

ঝ। পলিসিতে NSDS-এর পূর্ণরূপ (National Strategy for the Development of Statistics) উল্লেখ করার বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়।

ঞ। পলিসিতে উল্লেখিত আইনসমূহের নাম ও সালের পাশাপাশি সংশ্লিষ্ট আইনের নম্বর উল্লেখ করা এবং জাতীয় উপাত্ত ব্যবস্থাপনা আইন অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।

ট। OGD Platform-এর কার্যক্রম, ডেটাসেট আপলোড, হালনাগাদ এবং বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণের জন্য একটি Dashboard প্রণয়ন ও সংযোজনের বিষয়ে সভায় আলোচনা হয়।

৪. **সভায় উপস্থাপিত বিভিন্ন মতামত ও সুপারিশসমূহ পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৪.১। পলিসির ৩, ৪ ও ৫ নম্বর অনুচ্ছেদ একত্রিত করে একটি অনুচ্ছেদ প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

৪.২। পলিসিতে উল্লেখিত সকল Definition (সংজ্ঞা) শুরুতে নিয়ে আসতে হবে;

৪.৩। সরকারের প্রচলিত অন্যান্য পলিসির জন্য অনুসৃত Common Format অনুসরণ করে OGD Policy প্রস্তুত করতে হবে;

৪.৪। পলিসিতে যেসব স্থানে a2i-এর উল্লেখ রয়েছে, সেসব স্থানে The Aspire to Innovate (a2i)/Agency to Innovate (a2i) program-এর পরিবর্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নাম উল্লেখ করতে হবে;

৪.৫। পলিসির বিষয়বস্তু ধারা ও উপধারাসমূহের মাধ্যমে সুশৃঙ্খলভাবে উপস্থাপন করতে হবে;

৪.৬। পলিসির ৭.২ অনুচ্ছেদের Roles and Responsibilities অংশে ICT Division-এর পূর্বে Data Center শব্দটি উল্লেখ করতে হবে;

৪.৭। Data Standardization-এর ক্ষেত্রে সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের জন্য একটি Common Standard নির্ধারণ করতে হবে;

CamScanner

৪.৮। একই ধরনের ডেটাসেট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকলে সেগুলোর মধ্যে সমন্বয় সাধন এবং Cross-cutting-এর জন্য একটি কার্যকর Mechanism নির্ধারণ করতে হবে;

৪.৯। পলিসিতে NSDS-এর পূর্ণরূপ (National Strategy for the Development of Statistics) উল্লেখ করতে হবে;

৪.১০। পলিসিতে উল্লেখিত আইনসমূহের নাম ও সালের পাশাপাশি সংশ্লিষ্ট আইনের নম্বর উল্লেখ করা এবং জাতীয় উপাত্ত ব্যবস্থাপনা আইন অন্তর্ভুক্ত করতে হবে; এবং

৪.১১। OGD Platform-এর কার্যক্রম, ডেটাসেট আপলোড, হালনাগাদ এবং বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণের জন্য একটি Dashboard প্রণয়ন ও সংযোজন করতে হবে।

আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ফিরোজ সরকার
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

CamScanner